দৈনিক
ইত্তেফাক

25 JUL 2017

# বরিশাল বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনে তালা দিয়ে শিক্ষার্থীদের বিক্ষোভ

## নিয়োগে মুক্তিযোদ্ধা কোটা না রাখার প্রতিবাদ

■ বরিশাল অফিস

ক্লাস ও পরীক্ষা বর্জন করে বরিশাল বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনে তালা ঝুলিয়ে গতকাল সোমবার সকাল থেকে দুপুর পর্যন্ত বিক্ষোভ করে সাধারণ শিক্ষার্থীরা। বিক্ষুব্ধ শিক্ষার্থী ও ছাত্রলীগ নেতা ফিরোজুল ইসলাম নয়ন জানান, সাধারণ শিক্ষার্থীদের চলমান শান্তিপূর্ণ আন্দোলন কর্মসূচির অংশ হিসেবে তারা ক্লাস ও পরীক্ষা বর্জন করে একাডেমিক ভবনে তালা ঝুলিয়ে দিয়েছেন। তিনি আরও জানান, নিয়োগ প্রক্রিয়ায় মুক্তিযোদ্ধার কোঠা না রাখায় নিন্দা ও তা বহাল করাসহ ভিসি'র অপসারণের দাবির পাশাপাশি শিক্ষার্থীদের আবাসন সমস্যা সমাধানের দাবিতে শিক্ষার্থীরা এ আন্দোলনে নেমেছে।

বিক্ষুব্ধ সাধারণ শিক্ষার্থীরা জানান, ভিসি'র অপসারণসহ তাদের দাবি না মানা পর্যন্ত আন্দোলন কর্মসূচি বহাল থাকবে। ক্যাম্পাসের উত্তপ্ত পরিস্থিতিতে ভিসি ঢাকায় অবস্থান করায় তার কোনো বক্তব্য পাওয়া যায়নি। তবে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর শফিউল আলম বলেন, যারা আন্দোলন করছে তাদের দাবিগুলো মুলত কি সেগুলো এখনো নিশ্চিত করে জানা যায়নি। বন্দর থানার ওসি গোলাম মোস্তফা জানান, যেকোনো ধরনের বিশৃংখলা পরিস্থিতি মোকাবেলার জন্য ঘটনাস্থলে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। একাডেমিক ভবনে তালা দিয়ে শুধু শিক্ষার্থীদের ভেতরে যেতে দেয়া হচ্ছে না। তবে শিক্ষকদের ভেতরে যাওয়ার জন্য একটি ফটক ব্যবহার করতে দেয়া হচ্ছে। পাশাপাশি প্রশাসনিক ভবনে কোনো ধরনের প্রতিবন্ধকতা সৃষ্টি করা হয়নি।

পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.......
তারিখ.......
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর